ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



মাদককাণ্ডে গ্রেফতার ছেলেকে নিয়ে মুখ খুললেন শাহরুখ

পৃঃ ৫




অবশেষে মেসিকে নিয়ে মুখ খুললেন 'ক্ষুব্ধ' খেলাইফি

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Gov of India Reg No : WB18D0018520 (UAN) ● Website : https://epaper.newssaradin.live/ বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ০১৬ ● কলকাতা ● ০১ মাঘ, ১৪৩০ ● মঙ্গলবার ● ১৬ জানুয়ারী, ২০২৪ পৃষ্ঠা - ৬ ২ টাকা

# সন্দেশখালি মামলায় পুলিশের ভূমিকায় ক্ষুব্ধ হাই কোর্ট, দ্রুত গ্রেপ্তারের নির্দেশ বিচারপতির



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সন্দেশখালি কাণ্ডে ইডির করা মামলায় পুলিশকে ভতর্সনা হাই কোর্টের। অভিযুক্ত তিনহাজার, গ্রেপ্তার মাত্র চারজন কেন? এই প্রশ্ন তুললেন বিচারপতি। সত বিচারের ইচ্ছে থাকলে দ্রুত অভিযুক্তদের গ্রেপ্তারের নির্দেশ আদালতের। রাজ্যের তরফে জানানো হয়, তিনহাজার নয়, অভিযুক্ত ৮০০ থেকে একহাজার।রাজ্যের অ্যাডভোকেট জেনারেল এদিন জানান, মোট চারজনকে গ্রেপ্তার করা হয়েছে। এর পর আদালত প্রশ্ন করে, এখন কে তদন্ত করছে? অ্যাডভোকেট জেনারেল কিশোর দত্ত জানান, লোকাল পুলিশ তদন্ত করছে ডিএসপি'র নেতৃত্বে। বিচারপতি প্রশ্ন করেন, তিন হাজার অভিযুক্ত চার জন গ্রেপ্তার কেন? অ্যাডভোকেট জেনারেল জানান, তিনহাজার নয়, ৮০০ থেকে ১০০০ অভিযুক্ত। বিচারপতি পুলিশের ভূমিকা নিয়ে প্রশ্ন তোলেন। বলেন, ৩০৭ ধারা কেন যোগ হয়নি? এখনও কেন ন্যাজাট থানার পলিশকে তদন্তে রাখা হয়েছে? এতদিনেও মূল অভিযুক্ত গ্রেপ্তার হয়নি। ইডির অভিযোগ, ঘটনার সময় শাহজাহান বাড়িতে ছিল। সব ঘটনার পরে পুলিশ আদৌ সেই বাড়িতে ঢুকেছিল কিনা সেই প্রশ্নও তোলেন বিচারপতি।

এদিন কেস ডাইরি না আনায় প্রথমেই হাই কোর্টের ক্ষোভের মুখে পড়ে পুলিশ। এমন

এরপর ৩ পাতায়

# গঙ্গাসাগরে পুণ্যস্নান লক্ষ লক্ষ পুণ্যার্থীর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মকর সংক্রান্ত উপলক্ষ্যে দেশজুড়ে উৎসবের মেজাজ! গঙ্গাসাগর থেকে শুরু করে কলকাতার বাবুঘাট, শাহী স্নান করতে মানুষের ভিড়। একই ছবি কারজত জেলার ঘাটগুলিতেও। ঠান্ডা উপেক্ষা করেই জলে ডুব সাধারণ মানুষের। রাত ১২ টা ১৩ মিনিট থেকে শুরু হয়েছে শাহী স্নান। ফলে ভোরের আলো ফোটার আগেই কয়েক লাখ মানুষ এদিন স্নান সারেন গঙ্গাসাগরে।সোমবার ঘাট গুলির নিরাপত্তার জন্য ব্যবস্থা নেয়া হয়েছে পুলিশ প্রশাসনের পক্ষ থেকে। পুণ্য স্নানে যারা নদী ঘাটে স্নান করতে নামছেন তারা যাতে বেশি জলে না নামে তার জন্য বারবার সতর্ক করছেন তারা। সোমবার মকর স্নান উপলক্ষে আসানসোলের বিভিন্ন নদীঘাট গুলিতে জমায়েত হয়েছে সাধারণ মানুষ।

অন্যদিকে আসছে বছর আস্য টুসু দিব পাটের শাড়ি গ্যো'এই কথা দিয়েই মকর সংক্রান্তির সকালে 'ঘরের মেয়ে' টুসুকে বিদায় জানাচ্ছেন বাঁকুড়া তথা রাঢ় বঙ্গের মানুষ। দীর্ঘ এক মাস প্রতি সন্ধ্যায় গানের মাধ্যমে টুসু আরাধনা শেষে মকর সংক্রান্তির আগের রাতে 'জাগরণ' শেষে এবার তাঁর বিদায়ের পালা। তাই মকর সংক্রান্তির দিন সকাল থেকে টুসু বিদায়ের বেদনা ভরা সুর বাঁকুড়ার আনাচে কানাচে।শুধু তাই নয়, ঠান্ডাকে উপেক্ষা করেই চলছে এই স্নান ।এবার সাগরের ভিড়ের নিরিখে সর্বকালীন রেকর্ড তৈরি হবে। এমনটাই মনে করা হচ্ছে। মেলায় ৬৫ লক্ষ পূণ্যার্থীর সমাগম হয়েছে রবিবার বিকেল পর্যন্ত। এমনটাই প্রশাসন সুত্রে জানা গিয়েছে। এই সংখ্যাটা এদিন আরও ছাড়িয়ে যাবে বলেই মনে করা হচ্ছে।

সে মতো গঙ্গাসাগর জুড়ে কড়া নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। প্রশাসনের উচ্চপদস্থ আধিকারিকরা সেখানে রাত থেকেই অ্যালার্টে রয়েছেন। পাশাপাশি নৌবাহিনী এবং বিপর্যয় মোকাবিলা বাহিনীকেও অ্যালার্টে রাখা হয়েছে। সমুদ্রের মধ্যে চলছে কড়া নজরদারী।অন্যদিকে কলকাতার বাবুঘাট সহ অন্যান্য ঘাটগুলিতেও মানুষের ভিড়। ভোররাত থেকেই কার্যত শুরু হয়েছে এই স্নানপর্ব । কলকাতা পুলিশের তরফে কড়া নজরদারী চালানো হচ্ছে। গঙ্গাবক্ষেও লঞ্চের মাধ্যমে চলছে নজরদারী। মাইকের মাধ্যমে

এরপর ৩ পাতায়

# বিকাশরঞ্জন ভট্টাচার্যই যেন দেশের একমাত্র সত ব্যক্তি! রেগে আগুন কল্যাণ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শীর্ষ আদালতের নির্দেশে নিয়োগ দুর্নীতি মামলার শুনানি চলছে কলকাতা হাইকোর্টের বিচারপতি দেবাংশু বসাক ও বিচারপতি সব্বার রশিদির ডিভিশন বেঞ্চে। সোমবার সেখানেই নিয়োগ সংক্রান্ত মামলার শুনানিতে সওয়াল পর্বের সময় চাকরিপ্রার্থীদের আইনজীবী বিকাশরঞ্জন ভট্টাচার্যকে তীব্র আক্রমণ শানালেন আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায়।এরপরই বিচারপতি বসাকের পর্যবেক্ষণ, অন্যায়ভাবে যাঁরা সুযোগ পেয়েছেন তাঁদের চাকরি এখুনি বাতিল হওয়া উচিত। জবাবে বিকাশরঞ্জন বলেন, "সেটাই করা হয়নি। যেকোন দায়িত্বশীল প্রতিষ্ঠান তাই করে। এক্ষেত্রে এসএসসি সেটা করেনি। সম্পূর্ণ তালিকা দেয়নি। স্ক্যান করে বলেনি এত জন ভুলভাবে চাকরি পেয়েছে। প্রপার ডকুমেন্ট ছাড়া আইনজীবীদের বাদ দিয়ে নিজেরাই এটা করেছে।"

বিচারপতি জানতে চান, "পুরো প্যানেল। কি বাতিল করার দরকার আছে? নাকি যাঁরা ভুয়ো নিয়োগ পেয়েছে তাঁদের বাতিল করলেই চলবে?"

বিকাশ বলেন, "শুধু চাকরি বাতিল নয়, যাঁরা বেআইনি নিয়োগ পেয়েছেন তাঁদের গ্রেফতার করা হোক।" এই সময়ই আইনজীবী

এরপর ৩ পাতায়






## বাউল গানে আরামবাগে ম্যাজিক দেখিয়ে

# চিত্রকলা ,হস্ত শিল্প বিক্রী করে দুস্থদের চাদর ,বস্ত্র দান স্বপন দত্তর



**স্টাফ রিপোর্টার নিউজ সারাদিন :** পূর্ব বর্ধমান জেলার খাজা আনোয়ার বেড়ের সমাজ সচেতনের স্বপন দত্ত বাউলের বহুমুখী প্রতিভার অন্য রূপ দেখা গেলো হুগলী জেলার আরামবাগে । স্বপন দত্ত বাউলকে ম্যাজিক দেখিয়ে বাউল গানে গানে তার নিজের হাতে আঁকা ছবি ও নিজের তৈরি হস্ত শিল্প বিক্রী করে দুস্থদের শীত বস্ত্র চাদর দিয়ে মানুষের পাশে দাঁড়াতে দেখা গেলো। সম্প্রতি আরামবাগে এস ডি ও অফিস চত্বরে স্বপন বাউল ম্যাজিক দেখিযে বাউল গানে গানে নিজের আঁকা হস্ত শিল্প বিক্রী করেন এবং সেই বিক্রয় লব্ধ অর্থ থেকে দুস্থ মানুষকে শীত বস্ত্র চাদর দেন । স্বপন বাউল ম্যাজিক দেখিয়ে মানুষের মন জয় করে তারপর গানে গানে বলছেন বেকার তরুণ তরুণীরা কেউ হতাশায় ভুগবে না চিত্রকলা ও হস্ত শিল্প সকলে ভালো করে শিখে বিক্রি করলে রুজী রোজগার হবে স্বনির্ভর হতে পারবে। তিনি বলেন আমি যেমন বাউল গানে সমাজ সচেতন করি তেমনি ম্যাজিক দেখিয়ে ও চিত্রকলা হস্ত শিল্প এবং নিজের লেখা আঁকা বই বিক্রি করে সবসময় সারা রাজ্যের জেলায় জেলায় ঘুড়ে দুস্থ অসহায় অনাথ প্রতিবন্ধী রাস্তায় ভবঘুরে মানুষকে চাদর, কাপড় , কম্বল দিয়ে তাদের পাশে একটু দাঁড়াই। এবং বেকার তরুণ তরুণীদের স্বনিভর করতে উৎসাহ দি। আমি রাজ্যের জেলায় জেলায় ঘুড়ে বেড়াই আমার বাউল গানে ম্যাজিক দেখিযে আঁকা ছবি , হস্ত শিল্প বিক্রি করে দুস্থ মানুষদের চাদর কাপড় দিয়ে থাকি আজ আরামবাগে এসেছি আমি অসহায় মানুষের পাশে দাঁড়াতে। পথ চলতি মানুষ একজন জিজ্ঞাসা করলেন আপনি তো বিনা পারিশ্রমিকে নিঃস্বার্থ ভাবে বাউল গান করেন আবার দেখছি ম্যাজিক দেখিয়ে হাতে আঁকা ছবি হস্ত শিল্প ও নিজের লেখা বই বিক্রি করে প্রাপ্ত অর্থ তো গরিব মানুষের জন্য নানাভাবে দিচ্ছেন আপনার চলে কি করে ? স্বপন বাউল তার উত্তরে বলেন আমি ছবি আঁকা হস্ত শিল্প তবলা গান শেখাই ছেলে মেয়েরা যে যা দেয় তাই দিয়ে জীবন চলে। সংসারে বড় অভাব কষ্ট কোনো কর্ম যোগ মেলে নি তবুও আমার বহুমুখী প্রতিভা আমাকে বাঁচিয়ে রেখেছে আমাকে স্বনির্ভর করেছে।

## রাষ্ট্রসংঘে নিরাপত্তা পরিষদে স্থায়ী পদ,

# ভারতের হয়ে সওয়াল বেলজিয়ামের প্রাক্তন প্রধানমন্ত্রীর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদে ভারতের স্থায়ী সদস্যপদ চেয়ে এবার জোরাল সওয়াল করলেন বেলজিয়ামের প্রাক্তন প্রধানমন্ত্রী ইভিয়াস লেটারমি। একইসঙ্গে ভূয়সী প্রশংসা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিরও। লেটারমির দাবি, মোদির নেতৃত্বেই ভারতের ভূ-রাজনৈতিক পরিস্থিতির অগ্রগতি হয়েছে।উল্লেখ্য, আধুনিক দুনিয়ায় সময়ের দাবি মেনে পরিষদে সংস্কারের পক্ষে বারবার সওয়াল করে এসেছে নয়াদিল্লি। ভারতের এই দাবিকে সমর্থন জানিয়েছিলেন রাষ্ট্রসংঘের সাধারণ সভার সভাপতি সাবা করোসি। সংবাদ সংস্থা এএনআইকে দেওয়া সাক্ষাতকারে সাবা করোসি বলেছিলেন, 'নিরাপত্তা পরিষদের সদস্যরা মনে করে, পরিষদে আরও ভাল প্রতিনিধির প্রয়োজন রয়েছে। এমন দেশের প্রয়োজন রয়েছে যারা শান্তিস্থাপন ও মানুষের উন্নতির বৃহত্তর দায়িত্ব বহনে সক্ষম। ভারতও এমন একটি দেশ। সার্বিকভাবে বিশ্বের উন্নয়নের জন্য অবদান রাখতে পারে বলেই বিশ্বাস ভারতের।' ইতিমধ্যে আমেরিকা, ব্রিটেন, ফ্রান্স ও রাশিয়া নয়াদিল্লির দাবিকে সমর্থন জানিয়েছে। কিন্তু বাদ সেধেছে চিন।যার ফলে বিশ্বব্যাপী স্তরে ভারতের স্থান আরও গুরুত্বপূর্ণ এবং

এরপর ৩ পাতায়

## ট্যালেন্টস্প্রিন্ট গুগলের দ্বারা অনুমোদিত উইমেন ইঞ্জিনিয়ার্স

# প্রোগ্রামের ষষ্ঠ ব্যাচ চালু করার ঘোষণা করলো

- নির্বাচিত ২০০ জন মহিলা শিক্ষার্থী ১০০% স্কলারশিপ কভারিং প্রোগ্রাম ফি সহ ১০০,০০০ টাকার আকর্ষণীয় নগদ স্কলারশিপ ও পাবে।
- এই ২-বছরের প্রোগ্রামটি প্রথম বর্ষের যোগ্য মহিলা ইঞ্জিনিয়ারিং শিক্ষার্থীদের বিশ্বমানের সফটওয়্যার ইঞ্জিনিয়ার হতে সক্ষম করবে।



**Kolkata, January 12, 2024: নিউজ সারাদিন :** ট্যালেনটস্প্রিনট, একটি বিশ্বব্যাপী এডটেক কোম্পানি এবং রূপান্তরমূলক ডিপটেক প্রোগ্রাম অফার করার ক্ষেত্রে বাজারের লিডার, শীর্ষস্থানীয় প্রযুক্তি কোম্পানিগুলোর সাথে মানসম্পন্ন শিক্ষা এবং প্রিমিয়াম ক্যারিয়ারের সুযোগ গুলিতে গণতান্ত্রিক প্রবেশাধিকার করার জন্য উল্লেখযোগ্য অগ্রগতি করছে। টেক ল্যান্ডস্কেপে লেভেল প্লেয়িং ফিল্ড তৈরি করতে এবং গ্লোবাল কর্পোরেশনগুলোর ডিইআই মিশনগুলোকে অনুঘটক করার মূল দর্শনের সাথে সারিবদ্ধ করতে, টেলেন্টস্প্রিন্ট গুগল দ্বারা সমর্থিত তার মহিলা ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের ষষ্ঠ ব্যাচ চালু করার ঘোষণা করেছে। ষষ্ঠ ব্যাচে সারা দেশে বিভিন্ন আর্থ-সামাজিক পটভূমি থেকে প্রথম বর্ষের মহিলা ইঞ্জিনিয়ারিং শিক্ষার্থীদের জন্য ২০০টি আসন সরবরাহ করবে। প্রোগ্রামটিতে একটি ১০০% স্কলারশিপ রয়েছে যা প্রোগ্রাম ফি কভার করবে এবং ১০০,০০০ টাকার একটি অতিরিক্ত নগদ স্কলারশিপও থাকবে।

ইঞ্জিনিয়ারিং উইমেন প্রোগ্রাম এমন মহিলাদের উতসাহিত করে এবং সমর্থন করে যারা এমন একটি ক্ষেত্রে ক্যারিয়ার গড়তে চায় যেখানে লিঙ্গ বৈচির্ত্যের কারণে নারীদের ঐতিহ্যগতভাবে কম প্রতিনিধিত্ব করা হয়। আর্থিক সহায়তা এবং অনন্য সুযোগ প্রদানের মাধ্যমে, প্রোগ্রামটি উচ্চাকাঙ্ক্ষী এবং যোগ্য মহিলা ইঞ্জিনিয়ারদের একাডেমিক এবং পেশাদার লক্ষ্য অর্জনে সাহায্য করতে চায়। আর্থিক সাহায্যের পাশাপাশি, নির্বাচিত মহিলা শিক্ষার্থীরা গুগল ইঞ্জিনিয়ারদের সাথে মেন্টর শিপ প্রোগ্রাম, বুটক্যাম্প, নেটওয়ার্কিং ইভেন্টগুলিতে অ্যাক্সেস এবং সম্ভাব্য কর্মজীবনের সুযোগ সহ বেশ কিছু সুবিধা পাবেন যা তরুণ মহিলা ইঞ্জিনিয়ারদের তাদের ভবিষ্যৎ প্রযুক্তিগত ক্যারিয়ারের জন্য একটি শক্তিশালী ভিত্তি তৈরি করতে সাহায্য করবে।

গুগল শুরু থেকেই উইমেন ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের একটি অংশ। এটি লক্ষ্য যুক্ত উদ্যোগের মাধ্যমে প্রযুক্তির সকল ক্ষেত্রে নারীর ক্ষমতায়ন, সক্ষম এবং সম্পৃক্ত করার লক্ষ্যের সাথে নিরবিচ্ছিন্নভাবে সংযুক্ত। উইমেন ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামটি এমন একটি উদ্যোগ যা তরুণ মহিলা শিক্ষার্থীদের জন্য একটি রূপান্তরমূলক সুযোগ প্রদান করে যারা অত্যন্ত প্রভাবশালী এবং ফলপ্রসূ প্রযুক্তিগত ক্যারিয়ারের জন্য আকাঙ্ক্ষা করে।

শিব ভেঙ্কটারমন, গুগল ভিপি/জিএম ঘোষণার বিষয়ে মন্তব্য করে, বলেন, “একটি অন্তর্ভুক্তিমূলক এবং প্রতিনিধিত্বমূলক প্রযুক্তি ইকোসিস্টেম এখন আগের চেয়ে অনেক বেশি গুরুত্বপূর্ণ, কারণ সারা বিশ্বের মানুষের অভিজ্ঞতা ক্রমবর্ধমানভাবে এর উদ্ভাবন এবং অগ্রগতির দ্বারা প্রভাবিত হচ্ছে । আমরা ট্যালেন্টস্প্রিন্ট ফর উইমেন ইঞ্জিনিয়ার্স প্রোগ্রামকে সমর্থন করতে পেরে আনন্দিত কারণ এটি এই শিল্প-ব্যাপী প্রয়োজনীয়তাকে সম্বোধন করে, প্রক্রিয়ায় লিঙ্গ ব্যবধান পূরণ করার পাশাপাশি অভিজ্ঞতার বৈচিত্র এবং দৃষ্টিভঙ্গি প্রযুক্তির ভবিষ্যত গঠন করে তা নিশ্চিত করে। আমরা প্রকৌশলী এবং নেতাদের এই পরবর্তী প্রজন্মের পরিবর্তনের অপেক্ষায় রয়েছি, প্রত্যেকের জন্য একটি উজ্জ্বল এবং উন্নত ভবিষ্যতের জন্য তাদের সমাধানের সম্ভাবনা প্রকাশ করে।" ড. সান্তানু পল, প্রতিষ্ঠাতা সিইও এবং এমডি, ট্যালেন্টস্প্রিন্ট, বলেন, " টেলেন্টস্প্রিন্ট-এ আমরা শিক্ষার বিশ্ব-পরিবর্তনকারী শক্তিতে বিশ্বাস করি এবং এই প্রোগ্রামটি প্রতিবন্ধকতা ভাঙতে আমাদের প্রতিশ্রুতিকে আরও শক্তিশালী করে। প্রযুক্তি এবং উদ্ভাবনের দ্রুত-গতির বিশ্বে, আমরা একটি ভবিষ্যৎ গঠন করছি যা লিঙ্গ নিরপেক্ষ হবে এবং আর বাধা নয় বরং শক্তির উৎস হবে। আমরা গুগল-এর সাথে আমাদের সহযোগিতা প্রসারিত করতে এবং প্রযুক্তি শিল্পে জেন্ডার ব্যবধান পূরণ করতে পেরে উত্তেজিত। উইমেন ইঞ্জিনিয়ার্স প্রোগ্রাম শিক্ষার সত্যিকারের গণতন্ত্রীকরণের একটি প্রমাণ এবং একটি যুগের সমাপ্তির ইঙ্গিত দেয় যেখানে বংশানুক্রমিক কলেজ শিক্ষা ছাত্রদের আজীবন সুযোগ-সুবিধা পাওয়ার অধিকার দেয়।”

এর আগের পাঁচটি ব্যাচ এ, প্রোগ্রামটি ১০০,০০০ এর বেশি আবেদনকারীদের মধ্যে থেকে নির্বাচিত ৯৫০ টিরও বেশি শিক্ষার্থীর উপর ইতিবাচক প্রভাব ফেলেছে। আজ এই প্রোগ্রামটিতে নারী প্রকৌশলীদের একটি স্বনির্ভর সম্প্রদায় রয়েছে যারা বিশ্বজুড়ে শীর্ষস্থানীয় গ্লোবাল এমএনসিগুলির সাথে দুর্দান্ত ক্যারিয়ার শুরু করেছে। ট্যালেন্টস্প্রিন্ট এবং গুগল উভয়ের দ্বারা পরিচালিত, এই ছাত্ররা গ্লোবাল হ্যাকাথনেও অংশগ্রহণ করেছে, শীর্ষস্থানীয় প্রযুক্তি গোষ্ঠীগুলির সাথে ইন্টার্ন করছে এবং শীর্ষ বিশ্ববিদ্যালয় গুলোতে মাস্টার্স প্রোগ্রাম গুলো অনুসরণ করেছেন

ব্যাচ ৬-এর জন্য আবেদন করার শেষ তারিখ হল ১৮ জানুয়ারি, ২০২৪। প্রোগ্রাম সম্পর্কে আরও তথ্যের জন্য, ওয়েবসাইট দেখুন: we.talentsprint.com






## রাহুল গান্ধীর ন্যায় যাত্রার সমর্থনে

# হরিশ্চন্দ্রপুরে পদযাত্রা




**আমিরুল ইসলাম, হরিশ্চন্দ্রপুর, মালদা : নিউজ সারাদিন :** রাহুল গান্ধীর ভারত জড়ো ন্যায় যাত্রার সমর্থনে হরিশ্চন্দ্রপুর ১ ও ২ নং ব্লকের কংগ্রেসের নেতা-কর্মীরা রবিবার পদ যাত্রা ও পথ সভা করলেন।এদিন তারা হরিশ্চন্দ্রপুর কংগ্রেসের দলীয় কার্যালয় থেকে এই পদযাত্রা শুরু করেন। হরিশ্চন্দ্রপুর সদর এলাকা পরিক্রমা করে শহিদ মোড়ে এসে শেষ করেন।তারপর এখানে পথ সভা করে দলের নেতৃত্বরা বক্তব্য রাখেন।এদিনের এই পদ যাত্রায় অংশগ্রহণ করেছিলেন হরিশ্চন্দ্রপুর-১ নং ব্লক কংগ্রেস সভাপতি বিমান বিহারী বসাক,হরিশ্চন্দ্রপুর-২ নং ব্লক কংগ্রেস সভাপতি আবুল কাশেম,রাজ্যে সাধারণ সম্পাদক জিয়াউর রহমান চৌধুরী, হরিশ্চন্দ্রপুর-১ নং ব্লকের পঞ্চায়েত সমিতির সভাপতি তহমিনা খাতুন,জেলা পরিষদের সদস্য আমিনুল হক ও হরিশ্চন্দ্রপুর বিধান সভার যুব সভাপতি আমিরুল ইসলাম সহ অন্যান্য নেতৃত্বরা।

জানা গিয়েছে,১৪ জানুয়ারি থেকে কংগ্রেসের দ্বিতীয় জনসংযোগ যাত্রা শুরু করেছে সাংসদ রাহুল গান্ধী।গতবার ভারত জোড়ো যাত্রায় দক্ষিণ ভারতের সঙ্গে উত্তর ভারতকে জুড়েছিলেন রাহুল গান্ধী। এবার পূর্বের সঙ্গে পশ্চিম ভারতকে জোড়ার অভিযানে নেমেছে কংগ্রেস নেতা। মণিপুর থেকে শুরু হয়েছে এই জনসংযোগ যাত্রা।এরপর তা পৌঁছবে নাগাল্যান্ডে। সেখান থেকে এক এক করে অসম,অরুণাচল প্রদেশ ,মেঘালয় হয়ে রাহুল গান্ধী পদযাত্রা করতে আসবেন পশ্চিমবঙ্গে।৫ দিনের পদযাত্রায় বাংলার ৭টি জেলার মধ্যে দিয়ে যাবে কংগ্রেসের জনসংযোগ যাত্রা।মোট ৫২৩ কিলোমিটার পথ পেরিয়ে বিহারে পৌঁছবেন।সেখান থেকে ঝাড়খণ্ড, ওড়িশা,উত্তর প্রদেশ,মধ্য প্রদেশ,গুজরাট হয়ে ৬৭ দিনে ১৫টি রাজ্যের ১১০টি জেলার মধ্যে দিয়ে গিয়ে মুম্বাইয়ে শেষ হবে এই পদযাত্রা।

## কেউ কামড়াবে না', কংগ্রেসের

# 'ভারত জোড়ো যাত্রা' প্রসঙ্গে মন্তব্য বিমানের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রবিবার থেকে ফের শুরু হয়েছে কংগ্রেসের 'ভারত জোড়ো যাত্রা'। আর এই কর্মসূচিকে পরোক্ষে সমর্থন করলেন বর্ষীয়ান নেতা তথা বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু। সময়ের দাবি মেনে এই কর্মসূচি পালন করা হচ্ছে বলে মনে করেন এই বাম নেতা। তবে 'ভারত জোড়ো' যাত্রা বাংলায় এলে বামেদের তরফ থেকে তা স্বাগত জানানো হবে কি না তা আলোচনা সাপেক্ষ বলেও উল্লেখ করেছেন তিনি। সোমবার কলেজ স্ট্রিটে এসএফআই-এর উদ্যোগে বইমেলা অনুষ্ঠিত হচ্ছে। আজ তাঁর উদ্বোধন করেন বিমান। এরপর সাংবাদিকদের মুখোমুখি হয়ে একাধিক প্রসঙ্গে মুখ খোলেন তিনি। কংগ্রেসের এই কর্মসূচির প্রশংসাও শোনা যায় তাঁর মুখে। তিনি বলেছেন, “এটা ভাল কাজ। আজ দ্বিতীয়দিন চলছে দেখলাম। মানুষের সঙ্গে মিশছেন।”

তবে রাহুলকে স্বাগত বামেরা জানাবে কি না এ প্রসঙ্গে তিনি বলেন, “অন্য দলের কর্মসূচি। সেখানে বামেরা কী করবে? তবে এটুকু বলতে পারি কোনও বাম সমর্থকের বাড়ির পাশ দিয়ে এই পদযাত্রা গেলে কেউ কামড়ে দিতে আসবে না।”তবে বামেরা সমর্থন করুক বা না করুক কংগ্রেসের এই কর্মসূচিকে তাদের তরফ থেকে কোনও বাধা দেওয়া হবে না। তিনি বলেছেন, “কোনও বাম সমর্থকের বাড়ির পাশ দিয়ে এই পদযাত্রা গেলে কেউ কামড়ে দেবে না।”

সামনেই লোকসভা নির্বাচন। তার আগে জনসংযোগ বাড়াতে আবারও ময়দানে কংগ্রেস সাংসদ রাহুল গান্ধী। গতবছর দেশ জুড়ে সাড়া ফেলে দিয়েছিল রাহুলের 'ভারত জোড়ো' কর্মসূচি। মনে করা হচ্ছে, লোকসভা ভোটের আগে তাই আরও একবার সেই রকমই প্রস্তুতি নিয়েছে হাত শিবির। এ প্রসঙ্গেই এ দিন মুখ খোলেন বামফ্রন্ট চেয়ারম্যান।


চুক্তিভিত্তিক মার্কেটিং জানার
সাংবাদিক নিয়োগ করা হবে।
সব রাজ্যে,
সব জেলা ও মহকুমাতে।

যে সব মার্কেটিং জানা
সাংবাদিকরা কাগজের সঙ্গে
যুক্ত হতে ইচ্ছুক ,
যোগাযোগ করুন ৯৫৬৪৩৮২০৩১

১-ম পাতার পর

# গঙ্গাসাগরে পুণ্যস্নান লক্ষ লক্ষ পুণ্যার্থীর

সতর্কমূলক প্রচার।
একই ছবি জেলাতেও। উত্তর থেকে দক্ষিণ, ছবিটা সর্বত্র এক। সোমবার মকর সংক্রান্তি উপলক্ষে মকর স্নানের জন্য দামোদরের ঘাট গুলিতে ভিড় জমিয়েছে সাধারণ মানুষ। শিল্পাঞ্চল জুড়ে রয়েছে প্রচন্ড ঠান্ডার দাপট , ঠান্ডা ও কুয়াশা উপেক্ষা করে পুণ্য স্নানের জন্য আসানসোলের ডিসেরগড় নদী ঘাটে চলছে মকর স্নান । স্নান সেরে নদী ঘাটে এক পাশে আগুন পোহাচ্ছেন পুন্যার্থীরা।

১-ম পাতার পর

# বিকাশরঞ্জন ভট্টাচার্যই যেন দেশের একমাত্র সত ব্যক্তি! রেগে আগুন কল্যাণ

বিকাশরঞ্জনকে পাল্টা আক্রমণ করেন কল্যাণ। আগামীকাল মঙ্গলবার মামলার পরবর্তী শুনানি হবে।কল্যাণের অভিযোগ, নিয়োগ দুর্নীতি সংক্রান্ত মামলার শুনানি শুরুর দিনেই চাকরিপ্রার্থীদের বক্তব্য সংক্রান্ত কপি রাজ্যকে দেননি চাকরিপ্রার্থীদের আইনজীবী বিকাশরঞ্জন ভট্টাচার্য। ওই প্রসঙ্গ টেনে এদিন এজলাসে কল্যাণ বলেন, "বিকাশরঞ্জন ভট্টাচার্যই যেন দেশের একমাত্র সত ব্যক্তি। আর কেউ নেই!" এর আগে নিয়োগ মামলার শুনানি হয়েছিল বিচারপতি অভিজিত গঙ্গোপাধ্যায়ের এজলাসে। কল্যাণ বলেন, " সিঙ্গল বেঞ্চে কী হয়েছে সবাই জানে। সিঙ্গল বেঞ্চের বিচারপতি অভিজিত গঙ্গোপাধ্যায়, বিকাশরঞ্জন ভট্টাচার্য আর সিবিআই মিলে বিচারপর্ব চালিয়েছে। সেখানে রাজ্যের বা কমিশনের কোনও কথাই শোনা হয়নি, বলতেও দেওয়া হয়নি। খালি ওই একজন সিনিয়র আইনজীবী (বিকাশরঞ্জন ভট্টাচার্য) ছাড়া আর কারও কথায় শোনেননি বিচারপতি।"
বিচারপতি বসাকের বেঞ্চ জানতে চায়, "যারা বেআইনি ভাবে চাকরি দেওয়ার কাছে যুক্ত ছিলেন তাঁরা একে একে জেলে গেছেন। কিন্তু যারা বেআইনিভাবে চাকরি পেয়েছিলেন তাঁদের কি চাকরি গেছে?"
চাকরিপ্রার্থীদের আইনজীবী বিকাশরঞ্জন ভট্টাচার্য জানান, "সিঙ্গল বেঞ্চ তাঁদের চাকরি থেকে বরখাস্ত করার নির্দেশ দিয়েছিল। কিন্তু সুপ্রিমকোর্ট আপাতত সেই নির্দেশের উপর স্থগিতাদেশ দিয়ে রেখেছে। ফলে যাদের চাকরি গেছিল তাঁরা কার্যত ঝুলে রয়েছে বলা যায়। মোদ্দা কথা, তাঁদের বিষয়টি সেই অবস্থাতেই রয়ে গেছে।"
এই প্রসঙ্গেই বিকাশরঞ্জন ভট্টাচার্য আদালতে জানান, "এখন স্কুল সার্ভিস কমিশনের সচিব ফের হলফনামা দিয়ে জানাচ্ছে তারা আরও ১৮৩ জনকে নবম-দশমে ভুল করে সুপারিশ পত্র দিয়েছিল।

১-ম পাতার পর

# সন্দেশখালি মামলায় পুলিশের ভূমিকায় ক্ষুব্ধ হাই কোর্ট, দ্রুত গ্রেপ্তারের নির্দেশ বিচারপতির

মামলায় কেস ডাইরি না দেখে কোনও অর্ডার দেওয়া যায় না, এমনই মন্তব্য করেন বিচারপতি। আগামিকাল কেস ডাইরি আনার নির্দেশ দেওয়া হয়। গ্রেপ্তারি নিয়ে উষ্মাপ্রকাশ করেন বিচারপতি। এজিকে উদ্দেশ্য করে বলেন, সতভাবে বিচারের ইচ্ছে থাকলে অভিযুক্তদের গ্রেপ্তার করুন। এদিন আদালতে ইডির আইনজীবী জানান, শংকর আঢ্য ও শেখ শাহজাহানের নাম পাওয়া যায় জ্যোতিপ্রিয় মল্লিকের সূত্রে। সেখানে তাল্লাশিতে গেলে হামলা হয় ইডি অফিসারদের বিরুদ্ধে। উলটে ইডি অফিসারদের বিরুদ্ধে এফআই আর হয়। এই গোটা ঘটনার তদন্ত সিবিআইকে দেওয়ার আবেদন জানানো হয়।

# জামিন পেলেন রথীন দণ্ডপাট, নেতাইকাণ্ডে অন্যতম অভিযুক্তের জামিন মঞ্জুর করল হাইকোর্ট

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** জামিন পেলেন নেতাইকাণ্ডের অন্যতম অভিযুক্ত রথীন দণ্ডপাট। সোমবার তাঁর জামিনের আবেদন মঞ্জুর করল কলকাতা হাইকোর্ট। ২০১৪ সালে সিবিআইয়ের হাতে গ্রেফতার হন রথীন। সম্প্রতি হাইকোর্টে জামিনের আবেদন করেছিলেন তিনি। সোমবার বিচারপতি জয়মাল্য বাগচী ও বিচারপতি পার্থসারথি সেনের ডিভিশন বেঞ্চ শর্ত সাপেক্ষে তাঁর জামিন মঞ্জুর করে। ২০১১ সালের ৭ জানুয়ারি লালগড়ের নেতাইয়ে রথীন দণ্ডপাটের বাড়িতে থাকা সিপিএমের 'সশস্ত্র শিবির' থেকে গুলি চালানোর অভিযোগ উঠেছিল। ওই ঘটনায় মৃত্যু হয় ৪ জন মহিলা-সহ ৯ জন গ্রামবাসীর। আহত হন কমপক্ষে ২৮ জন। সেই ঘটনাতেই মূল অভিযুক্ত ছিলেন রথীন দন্ডপাট। এরপর ২০১৪ সালে এপ্রিলে গ্রেফতার হয় রথীন দণ্ডপাট।নেতাইকাণ্ডের সময় রথীন দণ্ডপাটের বাড়ির ছাদ থেকেই গুলি চালানোর অভিযোগ উঠেছিল। এর আগে একাধিকবার শুনানিতে তাঁর জামিনের আবেদন খারিজ হয়ে যায়। অবশেষে ১০ বছর পর সোমবার তাঁর জামিন মঞ্জুর করেছে উচ্চ আদালত।
আদালত জানিয়েছে, ইতিমধ্যে প্রয়োজনীয় নথি বাজেয়াপ্ত করা হয়ে গিয়েছে। একইসঙ্গে সাক্ষ্যগ্রহণের প্রক্রিয়াও অনেকটা এগিয়েছে। তাই রথীনের জামিনের আবেদন মঞ্জুর করা হয়েছে। সেক্ষেত্রে শর্ত হিসাবে আদালত জানিয়েছে, নিজের এলাকা ছাড়া যাবে না, সপ্তাহে দুই দিন তদন্তকারী অফিসারের সঙ্গে দেখা করতে হবে, অভিযুক্তকে পাসপোর্ট জমা রাখতে হবে, তদন্তে সাহায্য করতে হবে।




# পুলিশের আশ্রয়েই রয়েছেন শাহজাহান! দাবি শুভেন্দুর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** গত ৫ জানুয়ারি সন্দেশখালিতে গিয়ে মার খেতে হয়েছিল কেন্দ্রীয় এজেন্সি ইডির অফিসারদের। তারপরে ১০ দিন অতিক্রান্ত । এখনও অধরা সন্দেশখালির বাদশা।প্রসঙ্গত. সোমবার আইনজীবী মারফত মামলায় যুক্ত হতে চেয়ে হাইকোর্টে আবেদন জানিয়েছেন শাহজাহান। শুনানি পর্বে বিচারপতি শাহজাহানের আইনজীবীর কাছে জানতে চান, 'আত্মসমর্পণ করছেন না কেন?" ওই মামলায় এদিন পুলিশি নিষ্ক্রিয়তা নিয়েও প্রশ্ন তোলেন বিচারপতি জয় সেনগুপ্ত।এসবের মাঝেই শাহজাহান নিয়ে বিস্ফোরক দাবি বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর।
মকর সংক্রান্তি উপলক্ষে এদিন খেজুরির ভীমেশ্বরী মন্দিরে সেবা দান শিবিরে যোগ দিয়েছিলেন শুভেন্দু। সেখানে বিরোধী দলনেতার দাবি, "শাহজাহান এখন পুলিশের আশ্রয়েই রয়েছেন।"
শাহজাহানকে খোঁজার দায়িত্ব রাজ্য পুলিশের হাত থেকে কেন্দ্রীয় বাহিনীর হাতে ছাড়ার দাবিও তুলেছেন তিনি। শুভেন্দু বলেন, "জল-জঙ্গলে ঘেরা এলাকা। সন্দেশখালির ভৌগলিক পরিস্থিতি অন্যরকম। সেন্ট্রাল এজেন্সি, বিএসএফ, সিআরপিএফের সাহায্য নিয়ে তাঁদের পদ্ধতি অনুয়াযী তদন্ত হলে তবেই শাহজাহানকে গ্রেফতার করা সম্ভব। কারণ, রাজ্য পুলিশ শাহজাহানকে গ্রেফতার করবে না। পুলিশের আশ্রয়েই রয়েছে শাহজাহান।"শুভেন্দুর অভিযোগের বিষয়ে রাজ্য পুলিশের অবশ্য কোনও প্রতিক্রিয়া জানা যায়নি। তবে কয়েকদিন আগে সন্দেশখালি প্রসঙ্গে রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার জানিয়েছিলেন, "যাঁরা আইন ভেঙেছেন, তাঁদের প্রত্যেকের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া হবে।" সন্দেশখালি কাণ্ডে ইতিমধ্যে চারজনকে গ্রেফতারও করেছে পুলিশ।

# মানসিক অশান্তিতে আছেন রাজ্যপাল বোস, বললেন তৃণমূলের কুণাল ঘোষ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সন্দেশখালির ঘটনা নিয়ে রাজ্যপাল সিভি আনন্দ বোস সোমবার ফের এক বার অসন্তোষ প্রকাশ করেছেন। তা নিয়ে পাল্টা রাজ্যপালের উদ্দেশে তীব্র কটাক্ষ ছুড়ে দিলেন তৃণমূলের মুখপাত্র কুণাল ঘোষ। তিনি বলেন, "রাজ্যপাল মানসিক অশান্তিতে রয়েছেন। তাই তাঁর হতাশা বেরিয়ে পড়ছে।"প্রসঙ্গত, মাঝে বেশ কিছু দিন রাজ্যপাল সম্পর্কে তেমন কোনও তির্যক মন্তব্য করেননি কুণাল। পুজোর আগে রাজভবনে গিয়ে বোসের হাতে শারদ উপহার তুলে দিয়ে এসেছিলেন। তার আগে ওনাম উপলক্ষে কুণালকে উপহার পাঠিয়েছিলেন বোস। আবার দুর্গাপুজোর অষ্টমীর দিন দেখা গিয়েছিল কুণালের পাড়ার পুজোয় গিয়ে রাজ্যপাল পুষ্পাঞ্জলি দিচ্ছেন। তৃণমূলের অনেক নেতাই এর মাঝে নানা বিষয়ে রাজ্যপালকে কটাক্ষ করেছেন। কিন্তু কুণাল যেন একটু সরেই ছিলেন। মকর সংক্রান্তিতে ফের সেই আক্রমণের পথে হাঁটলেন তৃণমূলের মুখপাত্র ।বিশদে তা-ও জানিয়েছেন কুণাল। তৃণমূল মুখপাত্র বলেন, "রাজ্যপাল যাঁকে অপমান করে তাড়িয়েছিলেন, সেই বাঙালি মহিলা আমলাই এখন রাজ্যের স্বরাষ্ট্রসচিব। মুখ্যমন্ত্রী তাঁকে স্বরাষ্ট্রসচিব পদে নিয়োগ করেছেন। তাঁকে ডেকেই এখন রাজ্যপালকে আইনশৃঙ্খলা নিয়ে আলোচনা করতে হচ্ছে। তাই তাঁর মানসিক অশান্তি হওয়া স্বাভাবিক।" উল্লেখ্য, সন্দেশখালিতে তৃণমূল নেতা শাহজাহান শেখের বাড়িতে অভিযানে গিয়ে স্থানীয়দের হাতে ইডি আধিকারিকদের মারধরের ঘটনায় রাজ্যপাল তলব করেছিলেন রাজ্যের মুখ্যসচিব ভগবতীপ্রসাদ গোপালিক ও স্বরাষ্ট্রসচিব নন্দিনী চক্রবর্তীকে।আগে নন্দিনী ছিলেন রাজ্যপালের প্রধান সচিব। গত বছর সরস্বতীপুজোর বিকেলে যখন রাজ্যপালের বাংলায় হাতেখড়ি হয়েছিল, তখন ওই পদে ছিলেন নন্দিনী। তার কয়েক মাস পরেই রাজ্যপালের সঙ্গে নন্দিনীর 'আস্থা'র সম্পর্কে বোধহয় চিড় ধরে। নন্দিনীকে তাঁর প্রধান সচিব পদ থেকে 'রিলিজ' করে দেন বোস। সেই নন্দিনীই এখন রাজ্যের স্বরাষ্ট্রসচিব। রাজনৈতিক মহল তো বটেই, আমলা মহলেরও অনেকে নন্দিনীর নিয়োগে বিস্ময় প্রকাশ করেছিলেন। সোমবার সেই প্রসঙ্গ তুলে রাজ্যপালকে কটাক্ষ করলেন কুণাল।
সন্দেশখালিকাণ্ডে সোমবার বিকেল পর্যন্ত চার জনকে গ্রেফতার করেছে পুলিশ। রাজ্যপাল বলেছেন, "কয়েক জনকে গ্রেফতার করা হয়েছে জানি। কিন্তু মূল অভিযুক্ত (তৃণমূল নেতা শাহজাহান) এখনও অধরা। তাই আমি অসন্তোষ প্রকাশ করছি।"

২ পাতার পর

# রাষ্ট্রসংঘে নিরাপত্তা পরিষদে স্থায়ী পদ, ভারতের হয়ে সওয়াল বেলজিয়ামের প্রাক্তন প্রধানমন্ত্রীর

স্থিতিশীল হওয়া উচিত। ইউএনএসসি তথা রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদে ভারতের অন্তর্ভুক্তি প্রয়োজন সেই নিরিখেই। আর যদি তা হয়, তাহলে পরিষদের বৈধতা এবং তাতপর্য আরও বাড়বে।
জানা গিয়েছে, এক সাক্ষাতকারে বেলজিয়ামের প্রাক্তন প্রধানমন্ত্রী 'ইন্ডিয়া মিডল ইস্ট ইউরোপ ইকোনমিক করিডর' তথা আইএমইসি-রও স্তুতি করেছেন। বিশেষ করে এর সঙ্গে চিনের 'বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভ'-এর তুলনা টেনে বুঝিয়েছেন প্রথমটির গুরুত্ব। তবে শুধু ভারতই নয়। রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের মতো বহুস্তরীয় কাঠামোর আওতায় বিশ্বের অন্যান্য আরও উন্নয়নশীল দেশেরও আসা উচিৎ বলেই মন্তব্য লেটারমির। যেমন ব্রাজিল, আফ্রিকার কিছু দেশ প্রভৃতি। তাঁর কথায়, রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের কর্মকাণ্ডের বৈধতা উন্নীত হবে, যদি ভারত এবং ব্রাজিলের মতো দেশ এর সদস্য হয়। এই পদক্ষেপে পরিষদ আরও বেশি প্রতিনিধিত্বমূলক হয়ে উঠবে। বিশ শতকের পরিকাঠামো কিংবা চিন্তাধারা দিয়ে একবিংশ শতাব্দীর সমস্যার সমাধান করা যায় না।'
মোদির প্রশংসায় বেলজিয়ামের প্রাক্তন প্রধানমন্ত্রীর বক্তব্য, "ভূ-রাজনৈতিক জগতে ভারতের উত্থানের সব কৃতিত্ব ভারতের প্রধানমন্ত্রীর। নিঃসন্দেহে ভারত এই ক্ষেত্রে বিশ্বস্ততা অর্জন করেছে। গুরুত্বপূর্ণ দেশ হিসাবে পরিচিতি পেয়েছে। গত কয়েক বছরে মোদির নেওয়া কর্মসূচিরই ফল এই দেশের এই উত্থান।"

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৩ বর্ষ ০১৬ সংখ্যা ১৬ জানুয়ারী, ২০২৪ মঙ্গলবার ০১ মাঘ, ১৪৩০

## সম্পাদকীয়

# ঘন কুয়াশায় বাস ও ভেসেল বন্ধ থাকায় ভোগান্তিও হল পুণ্যার্থীদের

মকরসংক্রান্তির ভোরে ঘন কুয়াশার জেরে ব্যাহত যান চলাচল। দৃশ্যমানতা কম থাকায় বন্ধ করে দেওয়া হয়েছিল ভেসেল পরিষেবা। বন্ধ ছিল বাস চলাচলও। বাস, লঞ্চ এবং ভেসেল পরিষেবা বন্ধ হয়ে যাওয়ায় বিপাকে পড়েন গঙ্গাসাগরে আসা পুণ্যার্থীরা।স্নান ঘিরে সব রকম দুর্ঘটনা এড়াতে সাগরে অতিরিক্ত পুলিশকর্মী মোতায়েন করার পাশাপাশি, স্পিড বোট নামিয়ে নজরদারি চালানো হয়েছে। নজরদারিতে রয়েছেন জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনীর কর্মীরাও। দেখা গিয়েছে জেলা প্রশাসনের কর্তাদেরও। জেলা প্রশাসনের তরফে জানানো হয়েছে, সাগর মেলায় আসার পথে দু'জন যাত্রীর মৃত্যু হয়েছে। তাঁরা হলেন উত্তরপ্রদেশের বাসিন্দা প্রহ্লাদ সিংহ (৬৯) এবং রাজস্থানের বাসিন্দা মোহন লাল প্রজাপতি (৫৭)। ময়নাতদন্তর পর তাঁদের মৃতদেহ পরিবার পরিজনদের হাতে তুলে দেওয়া হয়েছে। এখনও পর্যন্ত গঙ্গাসাগর মেলায় আসা ছ'জন অসুস্থ যাত্রীকে এয়ার লিফটের মাধ্যমে কলকাতায় বিভিন্ন হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে।কিন্তু রাতে সাগরে জোয়ার থাকার কারণে কাউকেই ওই সময়ে সমুদ্রে নামতে দেওয়া হয়নি। সোমবার ভোর ৩টে থেকে শুরু হয়েছে স্নান। পুণ্যলগ্ন চলবে রাত ১২টা পর্যন্ত। স্নান শুরু হতেই গঙ্গাসাগরে মানুষের ঢল। কিন্তু কুয়াশার কারণে মধ্যরাত থেকে পাঁচ-ছ'ঘণ্টা মুড়িগঙ্গা নদীতে বন্ধ ছিল ভেসেল চলাচল। লঞ্চ পরিষেবাও বন্ধ ছিল নামখানা পয়েন্টে। সকাল সাড়ে ৭টা থেকে লঞ্চ এবং ভেসেল চলাচল শুরু হলেও সকাল ৯টার পর পরিষেবা স্বাভাবিক হয়। সাগরমেলা থেকে কচুবেড়িয়ার মধ্যে বাস পরিষেবাও বেশ কিছু ক্ষণ বন্ধ ছিল।সোমবার ভোর থেকেই দেশ-বিদেশ থেকে আসা পুণ্যার্থীদের দখলে চলে গিয়েছে গোটা সাগরতট। জায়গায় জায়গায় বিভিন্ন বাদ্যযন্ত্র বাজিয়ে গানবাজনার সঙ্গেই প্রার্থনা করতে দেখা গিয়েছে অসংখ্য মানুষকে। ভোর থেকেই ভক্তিমূলক গান বেজেছে সমুদ্রতটের আশপাশে। ভিড় এড়াতে ভোর ভোর স্নান সেরে কেউ মন্দিরে পুজো দিয়েছেন। কেউ আবার সাগরে দাঁড়িয়ে সেরেছেন সূর্যপ্রণাম। এ বার বারাণসীর ধাঁচে তিন দিন সাগর আরতির আয়োজন করেছে জেলা প্রশাসন। রবিবার পর্যন্ত মেলায় অন্তত ৬৫ লক্ষ পুণ্যার্থী এসেছেন বলে জানিয়েছিলেন রাজ্যের মন্ত্রী অরূপ বিশ্বাস। সোমবার জেলা প্রশাসন সূত্রে দাবি, ভিড় ৭৫ লাখ ছাড়িয়ে গিয়েছে। যদিও এ নিয়ে সরকারি ভাবে এখনও কিছু জানানো হয়নি জেলা প্রশাসনের তরফে।

## হাইকোর্টে মিথ্যা হলফনামা দিয়েছেন মধ্যশিক্ষা পর্ষদের সচিব!

# ক্ষুব্ধ হয়ে কড়া অ্যাকশন বিচারপতির

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ২০২২ থেকে শিক্ষক নিয়োগ দুর্নীতি নিয়ে একের পর এক বিস্ফোরক অভিযোগ সামনে এসেছে। বর্তমানে ২০২৩, বছর পাল্টালেও লাগাম পড়েনি অভিযোগে। দুর্নীতির অভিযোগে আদালতে চলছে একের পর এক মামলা। ওদিকে যোগ্য চাকরির দাবিতে রাস্তায় বসে আন্দোলন চালাচ্ছেন চাকরিপ্রার্থীরা।এর পর আদালতে মধ্যশিক্ষা পর্ষদের সচিব হলফনামা দিয়ে জানান, ওই প্রার্থীর তথ্য স্কুল সার্ভিস কমিশন দিচ্ছে না বলেই নিয়োগ করা যায়নি। পাশাপাশি ঝঝঈ যে সুপারিশপত্র দিয়েছে তাও পদ্ধতি মেনে হয়নি বলে আদালতে জানায় মধ্যশিক্ষা পর্ষদ। ওদিকে পাল্টা কমিশনের আইনজীবী আদালতে জানান, তাদের দিক থেকে যা যা করণীয় ছিল সেসব আগেই সম্পন্ন হয়েছে। তাও কেন ওই প্রার্থী নিয়োগ পাননি সেই বিষয়ে তারা কিছু জানেন না। সেসিব মধ্যশিক্ষা পর্ষদই জানে বলে আদালতে প্রমাণ সহ সমস্ত কিছু জানায় ঝঝঈ-র আইনজীবী। এরই মধ্যে প্রকাশ্যে এল যোগ্য প্রার্থীকে চাকরি না দেওয়ার আরেক ফন্দি। যা নিয়ে রীতিমতো শোরগোল আদালতে।

কলকাতা হাইকোর্টের বিচারপতি বিশ্বজিত বসুর এজলাসে মধ্যশিক্ষা পর্ষদের বিরুদ্ধে বিস্ফোরক অভিযোগ সামনে এসেছে। স্কুল সার্ভিস কমিশনের সুপারিশপত্র জারি হওয়া সত্বেও এক চাকরিপ্রার্থীকে চাকরি না দেওয়ার অভিযোগ মধ্যশিক্ষা পর্ষদের বিরুদ্ধে। শুধু তাই নয়, আদালতে মিথ্যা হলফনামা দেওয়ার মত অভিযোগ উঠেছে মধ্যশিক্ষা পর্ষদের বিরুদ্ধে। ঘটনা সামনে আসতেই তড়িঘড়ি পর্ষদ সচিবকে তলব করেছে আদালত।

ঠিক কি ঘটেছিল? স্কুল সার্ভিস কমিশন সুপারিশপত্র দেওয়ার পরও মধ্যশিক্ষা পর্ষদ নিয়োগ দেয়নি, এই অভিযোগ তুলে হাইকোর্টের দ্বারস্থ হন উমা প্রামাণিক নামের এক চাকরিপ্রার্থী। আদালতে তিনি জানান, ২০২১ সালের সেপ্টেম্বর মাসে বাঁকুড়ার শালতোড়া গার্লস স্কুলে যোগদানের জন্য সুপারিশপত্র দেয় ঝঝঈ। তবে তারপর বছর পেরিয়ে গেলেও নিয়োগ পাননি তিনি।

সমস্ত তথ্য প্রমাণ দেখার পর পর্ষদের ওপর ক্ষুব্ধ হন বিচারপতি। ঠিক কি কারণে আদালতে মিথ্যা হলফনামা পেশ করা হয়েছে তা জানতে মধ্যশিক্ষা পর্ষদের সচিবকে তলব করেন বিচারপতি বিশ্বজিত বসু। আদালতে নিজের হলফনামার স্বপক্ষে প্রমাণ বা সঠিক ব্যাখ্যা না দিতে পারলে শাস্তির মুখেও পড়তে পারেন মধ্যশিক্ষা পর্ষদের সচিব।

## পৃথিবীর সৃষ্টির মূলে দেবাদিদেব মহাদেব




-: মৃত্যুঞ্জয় সরদার :-

মানুষ মায়ের পেটে থেকে কিছু শিখে আসে না!জন্ম নেওয়ার পর থেকেই এই পৃথিবীর বুকে বড় হওয়ার সময় তার বিবেক, বুদ্ধি ,বিবেচনা, বিশ্লেষণ মধ্য দিয়ে সঠিক শিক্ষা অর্জন করে ।পৃথিবীর বুকে যত পাণ্ডিত্য জন্মগ্রহণ করেছে, তারা জন্মানোর পর হইতে পণ্ডিত হয়নি। তাদের শিক্ষা এবং কর্ম আর ধৈর্য্য পাণ্ডিত্য জায়গায় নিয়ে গেছে, সমাজের বিশিষ্ট পণ্ডিতদের চিরাচরিত ইতিহাস তাই বলছে। ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# স্বামীজী মুক্তকণ্ঠে বলেছেন, "আমরা হিন্দু



মৃত্যুঞ্জয় সরদার



সারা ভারত বর্ষ তথা বাংলার মানুষ নিজেরাই একটু স্বার্থনেশি হয়ে উঠেছে, নিজের স্বার্থের জন্য ভুলে যাচেছ মানবিকতা।আদর্শ আর সহানুভূতির মূল্য দেয়া হচ্ছে না এই যুগে,বাঙালির কেউ সত্য কথা বললে বাংলার বুকে অপদস্ত অপমান সহ্য করতে হয়। তাই নিজেরা বিপথগামী হওয়ার ভয় পাচ্ছেন? মিথ্যা ভয় কেন আপনারা পান,আপনারা কি ভুলে গেছেন আমাদের দেশের মহান এবং আদর্শ মান পুরুষ স্বামী বিবেকানন্দের কথা।আমার লেখার মাধ্যমে আপনাদেরকে স্মরণ করিয়ে দিতে চাই বিপদের সময়ে ঠিকই করতে বলেছিল স্বামী বিবেকানন্দ। বিপদ থেকে টেনে তোলো! তোমার উদ্ধার-সাধন তোমাকেই করতে হবে। ...ভীত হয়ো না। বারবার বিফল হয়েছো বলো নিরাশ হয়ো না। কাল সীমাহীন, অগ্রসর হতে থাকো, বারবার তোমার শক্তি প্রকাশ করতে থাকো, আলোক আসবেই।'উদ্বুদ্ধ হয়েছে যুব সমাজ, আর সেজন্যই তার জন্মদিন ১২ জানুয়ারি যুব দিবস বলে খ্যাত। দেখে নেওয়া যাক, স্বামীজির কিছু অমর বাণী।জীবে প্রেম করে যেই জন, সেই জন সেবিছে ঈশ্বর- বিখ্যাত এ উদ্ধৃতিটি যিনি লিখেছিলেন তিনি স্বামী বিবেকানন্দ। বিশ্লেষকরা ঊনবিংশ শতাব্দীর শেষার্ধে বিভিন্ন ধর্মমতের মধ্যে পারস্পরিক সুসম্পর্ক স্থাপনের কৃতিত্ব বিবেকানন্দকে দিয়ে থাকেন। বিবেকানন্দ ছিলেন বহুগুণে গুণান্বিত। তিনি ছিলেন একজন হিন্দু সন্ন্যাসী, দার্শনিক, লেখক, সংগীতজ্ঞ এবং ঊনবিংশ শতাব্দীর ভারতীয় অতীন্দ্রিয়বাদী রামকৃষ্ণ পরমহংসের প্রধান শিষ্য।১৮৬৩ সালের ১২ জানুয়ারি মকর সংক্রান্তি উৎসবের দিন উত্তর কলকাতার সিমলা অঞ্চলে ৩ নম্বর গৌরমোহন মুখোপাধ্যায় স্ট্রিটে তিনি জন্মগ্রহণ করেছিলেন নরেন্দ্র নাথ দত্ত। ছোট থেকেই মেধাবী নরেন্দ্র নাথ স্কটিশ চার্চ কেলেজে পড়াকালীন যুক্তিবিদ্যায় পারদর্শী হন। যে যুক্তিবোধ আর আধাত্ম ফুটে ওঠে তাঁর বাণীতে। শ্রী রামকৃষ্ণ পরমহংস দেবের শিষ্য নরেন ,১৮৮৬ সালে সন্ন্যাস গ্রহণ করে হয়ে ওঠেন স্বামী বিবেকানন্দ। ভারত যখন ডুবে অন্ধকার ও হতাশায়, চলছে ব্রিটিশের রক্ত লালসা চরিতার্থ করা ভারতবাসীর রক্তে, জাতীর মানসিকতা ও আত্মবিশ্বাস তলানীতে, তখন হাল ধরেন পুরুষোত্তম বিবেকানন্দ। ভারতবর্ষ কে তিনি উপস্থাপন করলেন শিকাগো বিশ্ব ধর্ম মহাসভায় ১১ই সেপ্টম্বর, ১৮৯৩ সালে। তার বক্তব্যের সূচনাতেই তিনি বলেন "হে আমার আমারিকা নিবাসী ভাতৃ ও ভগিনীগণ" যা জয় করে নেয় উপস্থিত সকলের হৃদয়। হাততালির গুঞ্জন থামতেই চায় না। অবাক করেছিলেন শেতাঙ্গদের যাদের চোখে ভারত মানেই পিছিয়ে পড়া মানুষের দেশ যাদের নিজেদের কিছুই নেই। এই অপূর্ব মেধাবী মানুষটি হৃদয়বত্তা, তেজস্বিতা, জেদ ও স্বধীনচেতনার দ্বারা বিশ্বের দরবারে একটি অনন্য সাধারণ জায়গা আদায় করে নিয়েছিলেন।আজ আমরা পশ্চিমবঙ্গের যুবকরা - মেকি প্রগতিশীলতা, ভণ্ড বামপন্থার কুয়োর মধ্যে বসে কেবল বেঙের মত মকমক করছি। সমগ্র জগতের দিকে চোখ খুলে তাকানোর মত স্বাভাবিক প্রবৃত্তিই আমাদের জাগছে না। যাদের উদ্দেশে স্বামীজী পরানুবাদ, পরানুকরণ, পরমুখাপেক্ষা ত্যাগ করার জ্বালাময় উপদেশ দিয়েছিলেন সেই যুবকগণ বিবেকানন্দ বা শ্রীচৈতন্যকে ছেড়ে এমন একজনের ছবি আঁকা গেঞ্জি গায়ে দিয়ে নিজেদের আধুনিক বলে প্রমাণ করতে চাইছি যে লোকটি নিজের জীবনে হাজার হাজার মানুষকে নিজের হাতে খুন করেছে বিপ্লবের নামে।

স্বামীজীর পুনঃ অনুধ্যানের প্রয়োজনীয়তা আজ এজন্যই বেশী করে অনুভূত হচ্ছে। আমরা আজ নিজেদের হিন্দু পরিচয়ে লজ্জা বোধ করছি, হিন্দু শব্দটিকে সঙ্কীর্ণতার প্রতীক বলে মনে করছি। কিন্তু, স্বামীজী মুক্তকণ্ঠে বলেছেন, "আমরা হিন্দু। আমি এই 'হিন্দু' শব্দটিকে কোন মন্দ অর্থে ব্যবহার করিতেছি না; আর যাহারা মনে করে, ইহার কোন মন্দ অর্থ আছে, তাহাদের সহিত আমার মতের মিল নাই।" (হিন্দু ধর্মের সাধারণ ভিত্তি। লাহোরে ধ্যান সিংয়ের হাবেলীতে প্রদত্ত বক্তৃতা।) আমাদের এই হিন্দুত্বকে ধরে জেগে উঠতে হবে। উপলব্ধি করতে হবে কুয়োর বাইরে বিশাল জগৎকে। যে জগৎ বৈচিত্র্যে সুন্দর, প্রভাত পাখির কলকাকলিতে গুঞ্জরিত। উপলব্ধি করতে হবে সেই জগৎকে কলুষিত করছে দানবিক ভাবনায় জারিত রাক্ষসকুল। তাদের হাত থেকে এই সম্পূর্ণ সৃষ্টিকে বাঁচানোর পবিত্র দায়িত্ব আমাদের। মার্গভ্রষ্ট মানবকুলকে মানবতার রাস্তা দেখানোর পূত দায়িত্ব আমাদের - কারণ আমরা বিবেকানন্দের ভূমির পুত্র। আমাদের বিবেকানন্দ ভাই বলে সম্বোধন করে তার প্রাণের কথা বলতে চেয়েছেন। তার অন্যতম শ্রেষ্ঠ অনুগামীনী ছিলেন ভগিনী নিবেদিতা, আরেক অসমান্যা নারী। বিবেকানন্দ সারা জীবন ধরে শুধু মানবধর্মের উন্নতি ও উত্তরণের জন্য কাজ করেছেন। মানুষের সেবা করা তার মূল ধর্ম ছিল। তিনি বার বার বলেছেন "Do good and be good to people". তিনি আরো বলতেন "আমি সেই ভগবানের পূজা করি যাকে তোমরা ভুল করে মানুষ বলে ডাকো"। তার জ্ঞানের কোনো সীমা ছিলো না। তিনি ধর্মের ভেদাভেদ মানতেন না। তিনি মুক্ত চিন্তাধারার মানুষ ছিলেন এবং জীব সেবার মধ্যে দিয়েই তিনি ঈশ্বরের সান্নিধ্য লাভ করেছিলেন। ১৯০২ সালের ৪ই জুলাই তিনি

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# সিনেমার খবর

cinema TV

## অভিষেক-ঐশ্বরিয়ার বিচ্ছেদের গুঞ্জনে নাম জড়াল সেই 'জাহ্নবীর'



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** গত কয়েক মাস যাবৎ বিচ্ছেদের গুঞ্জনে বারবার খবরের শিরোনাম হচ্ছেন বলিউড তারকা দম্পতি অভিষেক বচ্চন আর ঐশ্বরিয়া রায়। তাদের কখনও দেখা যাচ্ছে নিজেদের মধ্যে দূরত্ব তৈরি করতে আবার কখনও দেখা যাচ্ছে একসঙ্গে চুটিয়ে আনন্দ করতে। এমন পরিস্থিতিতে ভক্তরা যখন কিছুই বুঝে উঠতে পারছেন না, ঠিক তখনই নেটদুনিয়ায় ভাইরাল হয়েছে সেই আলোচিত জাহ্নবী কাপুর নামে এক মডেল।

ভারতীয় একাধিক সংবাদমাধ্যম বলছে, ২০০৭ সালে অভিষেক-ঐশ্বরিয়ার বিয়ের খবরেও রেগে গেছিলেন জাহ্নবী কাপুর। জাহ্নবী এ সময় অভিষেকের প্রথম স্ত্রী বলে দাবিও করেন। অভিষেককে না পেয়ে সে সময় আত্মহত্যার জন্য নিজের হাত কেটে রক্তও ঝরিয়েছেন তিনি। অনেকেই জাহ্নবী কাপুর নামটি শুনলেই বলিউড অভিনেত্রী শ্রীদেবীর মেয়েকে মনে করেন। কিন্তু না। অভিষেকের প্রথম স্ত্রী দাবি করা এ জাহ্নবী অন্যজন, এক ভারতীয় মডেল। ভারতীয় সংবাদমাধ্যম এবিপি লাইভের প্রতিবেদন থেকে জানা যায়, জাহ্নবী একাধিক সিনেমায় অভিনয় করলেও তেমন জনপ্রিয়তা পাননি বলিউডে। বেশিভাগ সিনেমাতেই তিনি অভিনয় করেছিলেন পার্শ্ব চরিত্রে। জানা গেছে, ২০০৫ সালে বলিউড সিনেমা'ওদাস্থ-এ অভিনয় করার সময় জাহ্নবীর সঙ্গে সখ্যতা গড়ে ওঠে অভিষেকের। জাহ্নবীর দাবি, সিঁদুর পরিয়ে অভিষেক তাকে বিয়েও করেছিলেন।

২০০৭ সালে অভিষেক-ঐশ্বরিয়ার বিয়ের দিন তাদের বিয়ে বন্ধও করে দিতে চেয়েছিলেন জাহ্নবী। কিন্তু অজানা কারণে হঠাৎই এরপর থেকে জাহ্নবীকে আর কোথাও দেখা যায়নি। এদিকে, বিয়ের দিন এ বিষয়টি নিয়ে কোনো ঝামেলা না হলেও এতদিন পর অভিষেক-ঐশ্বরিয়ার বিচ্ছেদে জাহ্নবীর সে বিষয়টির কোনো সম্পর্ক রয়েছে কিনা- তাই ভাবছেন নেটিজেনরা। এদিকে এ তারকা দম্পতি নিজেদের বিচেছদের বিষয়টি কোনোভাবেই মিডিয়ার প্রকাশ্যে আনতে চাচ্ছেন না। যে কারণে অভিষেক-ঐশ্বরিয়ার বিচ্ছেদের বিষয়টি নিয়ে এখনও ধোঁয়াশায় নেটিজেন আর ভক্তরা!

## মাদককাণ্ডে গ্রেফতার ছেলেকে নিয়ে মুখ খুললেন শাহরুখ



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** মাদককাণ্ডে ২০২১ সালে গ্রেফতার হয়েছিলেন শাহরুখ খানের পুত্র আরিয়ান খান। প্রায় এক মাস ছিলেন হাজতে। এ ঘটনার পর দুই বছর পেরিয়ে গেলেও টুঁ-শব্দ করেননি অভিনেতা।

তবে বুধবার একটি পুরস্কার গ্রহণ করে অনুষ্ঠানে কথা বলেছেন ব্যক্তিগত তিক্ত অভিজ্ঞতা নিয়ে। সরাসরি আরিয়ানের নাম না বললেও শাহরুখের কথা শুনে সহজেই বোঝা যায়, তিনি ঠিক কী নিয়ে কথা বলেছেন।

তিনি বলেন, গত ৪-৫ বছরের যাত্রাটা আমাদের পরিবারের জন্য বেশ রুক্ষ ছিল। আমি জানি, কোভিডের কারণে নিশ্চয়ই আরও অনেকের ক্ষেত্রেও তাই। আমার সব সিনেমা ফ্লপ করে। অনেকেই আমার ক্যারিয়ার শেষ হয়ে যাওয়ার শ্রদ্ধার্ঘ্যও লিখে ফেলেছিল!



কথাগুলো বলতে বলতে শাহরুখ সিনেমা বিশারদদের রসিকতা করে 'মূর্খ' বলেও সম্বোধন করেন। তারপর নিজের ব্যক্তিগত জীবনের প্রসঙ্গ তোলেন।

তিনি বলেন, ব্যক্তিগত জীবনে কিছু অপ্রীতিকর এবং বিরক্তিকর ঘটনা ঘটেছে বললেও কম বলা হয়। কিন্তু তাতে আমার একটা শিক্ষা হয়েছে। চুপচাপ থাকো, একদম নিস্তব্ধে কাজ করো, নিজের আত্মসম্মান বজায় রেখে চুপচাপ পরিশ্রম করে যাও। কারণ, অনেক সময় যখন মনে হয়, জীবনে সব ভালোই চলছে, কীভাবে যে জীবন তোমার পরীক্ষা নেবে, বুঝতেও পারবে না! কিন্তু এই সময়ই আরও সততার আর আশা নিয়ে নিজের গল্প নিজেই লেখা উচিত।

কথা শেষ করেন নিজের সিনেমা 'ওম শান্তি ওম'র একটি সংলাপ দিয়ে। 'যতক্ষণ না শেষটা আনন্দের হয়, ততক্ষণ সেটা শেষ হয় না।'

অনুষ্ঠানে শাহরুখ 'পাঠান' আর 'জওয়ান'র অতুলনীয় বক্স অফিস সাফল্যের জন্য দর্শককে ধন্যবাদ দেন। তিনি স্বীকার করেন, যারা এই সিনেমাগুলো দেখেছেন তাদের মধ্যে অনেকেই হয়তো তার অভিনয়ের ভক্ত নন। কিন্তু তার পাশে দাঁড়াতেই তার সিনেমা হলে গিয়েছেন। সেই জন্য তিনি কৃতজ্ঞ।

## রাশমিকার বিয়ের গুঞ্জন



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** দক্ষিণী সিনেমার জনপ্রিয় নায়িকা রাশমিকা মান্দানা ও অভিনেতা বিজয় দেবেরাকোণ্ডার প্রেম এখন নেটিজেনদের কাছে 'ওপেন সিক্রেট' ব্যাপার।

যেখানেই রাশমিকা যান, সেখানেই ছায়াসঙ্গী থাকেন বিজয়। অবস্থা দেখে মনে হচ্ছে জীবনের প্রতিটি অধ্যায়ে বিজয়-রাশমিকা একে অন্যের পরিপূরক।

সিনেমার পর্দার রসায়ন ছেড়ে রাশামিকা-বিজয়ের বাস্তবের প্রেম নেটিজেনদের মুখরোক আলাপ হয়েছে। তাদের নিয়ে চলছে বিভিন্নমুখি আলোচনা। এ দুই তারকাকে নিয়ে শত জল্পনা-কল্পনার মাঝে উত্তেজনার মাত্রা বৃদ্ধি করেছে তাদের বিয়ের খবর।

সম্প্রতি জানা গেছে তারকা বিজয় দেবেরাকোণ্ডা নাকি এবার বিয়ে করতে যাচ্ছেন। খবরটি সত্য নাকি গুঞ্জন- এ নিয়ে চলছে তর্ক-বিতর্ক। তবে এ ব্যাপারে বিজয়-রাশমিকার কাছ থেকে কোনো বক্তব্য পাওয়া যায়নি।

নতুন বছরেই কি জীবনের নতুন অধ্যায় শুরু করতে যাচ্ছেন বিজয়-রাশমিকা- এমন কথাও শোনা যাচ্ছে। সম্প্রতি তাদেরকে ঘিরেই তুঙ্গে উঠেছে বিয়ের জল্পনা। এও শোনা গিয়েছে যে আগামী মাসেই অর্থাৎ ফেব্রুয়ারিতে বিয়ের পিঁড়িতে বসতে যাচ্ছেন বিজয়-রাশমিকা। তবে এ বিষয়ে কোনো মন্তব্যই করেননি বিজয় বা রাশমিকা কেউই।

ফেব্রুয়ারি মাস প্রেমের বিশ্বভালোবাসা দিবস। আর সেই মৌসুমেই বাগদান সেরে ফেলতে চাইছেন দুই তারকা, এমনটাই শোনা যাচ্ছে। তবে এর সত্যতা কতটা তা নিয়ে সন্দেহ থেকেই যায়।

'গীত গোবিন্দম', 'ডিয়ার কমরেড' এ দুই সিনেমায় একফ্রেমে দেখা গেছে রাশমিকা এবং বিজয়কে। আর তারপর থেকেই দুজনের প্রেমের খবর ভেসে আসতে শুরু করে বিভিন্ন মাধ্যমে। বেশ কিছুদিন ধরেই তারা একে অপরকে ডেট করছেন।

সম্প্রতি হায়দাবাদে দিওয়ালি উদযাপনের জন্য বিজয় দেবেরাকোণ্ডার বাড়িতেও দেখা গিয়েছিল রাশমিকাকে। দুজনে একসঙ্গে ছুটি কাটাতেও গিয়েছেন বিভিন্ন জায়গায়।

সম্প্রতি দর্শকদের মধ্যে 'অ্যানিমেল' সিনেমায় রাশমিকা মন্দানার অভিনয় নিয়ে আলোচনা শুরু হয়েছে। রণবীর এবং রাশমিকার পর্দায় রসায়ন শোবিজে ঝড় তুলেছে।

বলিউডে রাশমিকা মান্দানার 'মিশন মজনু' সিনেমার মাধ্যমে অভিষেক হয়েছে। এতে তার বিপরীতে অভিনয় করেছেন সিদ্ধার্থ মালহোত্রা। তারপর অমিতাভ বচ্চনের সঙ্গে 'গুডবাই' সিনেমায়ও তাকে অভিনয় করতে দেখা যায়।

এরপরে 'পুষ্পা' সিনেমায় আল্লু অর্জুনের বিপরীতে তার অভিনীত শ্রীভল্লি চরিত্রটি মন কেড়ে নেয় ভক্ত-অনুরাগীদের।

## ডাংকির আয় কতো?




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শাহরুখ খান অভিনীত সিনেমা ডাংকি আশানুরূপ ঝড় তুলতে না পারলেও একেবারে পিছিয়ে নেই। এনডিটিভির দেওয়া হিসেব মতে, ২১তম দিনেও রাজকুমার হিরানি পরিচালিত সিনেমাটি ১.৩৫ কোটি আয় করেছে। সবমিলিয়ে ভারতজুড়ে সিনেমাটির আয় দাঁড়িয়েছে ২২০.৭২ কোটি রুপি।

তাপসী পান্নু, ভিকি কৌশল ও বোমান ইরানি এই সিনেমায় অভিনয় করেছেন। সবমিলিয়ে বিশ্বজুড়ে ডাংকি ৪৪৭.৭০ কোটি রুপি আয় করেছে। এ বছর কিং খানের তৃতীয় মুক্তিপ্রাপ্ত ছবি ডাংকি। এর আগে তার 'পাঠান', 'জওয়ান' বক্স অফিসে দারুণ ব্যবসা করেছিল।

তাই 'ডাংকি'কে ঘিরে শাহরুখ-প্রেমীদের উন্মাদনা ছিল তুঙ্গে। তার এ ছবি সিনেমাপ্রেমীদের হৃদয় জয় করেছে। রাজকুমার হিরানি পরিচালিত এ ছবি মানুষকে হাসিয়েছে, কাঁদিয়েছে। চিত্রসমালোচকদের থেকে মিশ্র প্রতিক্রিয়া পেয়েছে 'ডাংকি'।

## দুঃসময়ে ব্রাজিলের

# কোচ হিসেবে দায়িত্ব নিলেন দোরিভাল



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** রোববারই অনেকটা নিশ্চিত হয়ে গিয়েছিল ব্রাজিলের নতুন হেড কোচ হিসেবে দায়িত্ব নিতে যাচ্ছেন দোরিভাল জুনিয়র। তার ক্লাব সাও পাওলো সে খবরটি নিশ্চিত করে। এবার ব্রাজিল ফুটবল ফেডারেশনের পক্ষ থেকে এলো আনুষ্ঠানিক ঘোষণা।

ভারপ্রাপ্ত কোচ ফার্নান্দো দিনিজের স্থলাভিষিক্ত হয়ে নতুন হেড কোচ হিসেবে দায়িত্ব নিয়েছেন দোরিভাল জুনিয়র। ব্রাজিল ফুটবল ফেডারেশন এক বিবৃতিতে বলেছে, 'দোরিভাল জুনিয়র ব্রাজিল জাতীয় দলের নতুন হেড কোচ।'

ব্রাজিলের এই কোচের পদ নিয়ে গত এক বছরে নানা নাটক হয়েছে। রিয়াল মাদ্রিদের কিংবদন্তি কোচ কার্লো আনচেলত্তির জন্য এই একটি বছর অপেক্ষা করেছে ব্রাজিল। শেষ পর্যন্ত আনচেলত্তি রিয়ালের সঙ্গেই নতুন করে চুক্তি করেছেন।

এদিকে ২০২৩ সালের জুলাইয়ে ভারপ্রাপ্ত কোচ হিসেবে দায়িত্ব পাওয়া দিনিজের অধীনে ব্রাজিলের পারফরম্যান্স ছিল যাচ্ছেতাই। বিশ্বকাপ বাছাইপর্বে তারা নেমে গেছে ছয় নম্বর পজিশনে। যার ফলশ্রুতিতে গত শুক্রবার বরখাস্ত করা হয় দিনিজকে।

৬১ বছর বয়সী দোরিভালের সঙ্গে কতদিনের চুক্তি করেছে ব্রাজিল ফুটবল ফেডারেশন, সেটি প্রকাশ্যে আসেনি এখনও। তবে ব্রাজিলিয়ান গণমাধ্যমের খবর, ২০২৬ বিশ্বকাপ পর্যন্ত চুক্তি হয়েছে দোরিভালের সঙ্গে।

সমর্থকরা আশা করছেন, দোরিভালের হাত ধরে ব্রাজিল ফুটবল তার দুঃসময় থেকে ঘুরে দাঁড়াবে। ২০০২ সালের পর পাঁচবারের চ্যাম্পিয়নরা আর বিশ্বকাপ জিততে পারেনি।

দোরিভালের অধীনে গত বছর ক্লাব সাও পাওলো কোপা দো ব্রাজিল শিরোপা জিতেছে। এর আগে ফ্ল্যামেঙ্গোকে কোচিং করিয়ে কোপা দো ব্রাজিল আর কোপা লিবারটেডরেস শিরোপা জেতান বর্ষীয়ান এই কোচ।

ব্রাজিলের কোচ হিসেবে অভিষেকেই বড় পরীক্ষায় পড়তে হবে দোরিভালকে। মার্চে দুই পরাশক্তি ইংল্যান্ড এবং স্পেনের বিপক্ষে প্রীতি ম্যাচ খেলবে সেলেসাওরা।

## বন্ধু আলভেজের বিপদে

# নেইমার পাঠালেন ১ কোটি ৮০ লাখ টাকা



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** জাতীয় দলের সতীর্থ, একসঙ্গে খেলেছেন ক্লাব বার্সেলোনা এবং পিএসজিতে। ব্যক্তিজীবনে আবার তারা ভালো বন্ধু। কিন্তু কজন বন্ধু বিপদে এমনভাবে বন্ধুর সাহায্যে এগিয়ে আসে? যেমনটা নেইমার এগিয়ে এলেন দানি আলভেজের জন্য!

নাইট ক্লাবে যৌন হয়রানির মামলায় গত জানুয়ারিতে বার্সেলোনায় আলভেজকে গ্রেফতার করে পুলিশ। পরে স্পেনের আদালত তার জামিন আবেদন নামঞ্জুর করে জেলে পাঠানোর নির্দেশ দেন।

তখন থেকেই বার্সেলোনার কারাগারে আছেন ব্রাজিলিয়ান এই ডিফেন্ডার। ফেব্রুয়ারিতে তার বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হলে ৪ থেকে সর্বোচ্চ ১৫ বছর কারাদণ্ড হতে পারে। এই ঘটনার পর আলভেজের সঙ্গে সম্পর্ক ছিন্ন করেন তার স্ত্রী জোয়ানা সানস।

এদিকে যে নারী আলভেজের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ তুলেছেন, তিনি ক্ষতিপূরণ হিসেবে ১ লাখ ৫০ হাজার ইউরো (প্রায় ১ কোটি ৮০ লাখ টাকা) দাবি করেছেন।

ব্রাজিলিয়ান গণমাধ্যমের খবর, আলভেজ বিপদে পড়ে যোগাযোগ করেছেন বন্ধু নেইমারের সঙ্গে। আগামী মাসে মামলার ট্রায়াল। তার আগেই নেইমার বন্ধুকে ক্ষতিপূরণবাবদ যে ১ কোটি ৮০ লাখ টাকা লাগবে, বাবার মাধ্যমে তা পাঠিয়ে দিয়েছেন। এই টাকাটা দিতে পারলে আলভেজের সাজা কিছুটা কমতে পারে। এছাড়া নেইমার আলভেজের জন্য আইনজীবীরও ব্যবস্থা করে দিচ্ছেন বলে জানা গেছে।

# শামির টি-টোয়েন্টি ভবিষ্যৎ কী?




**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** দক্ষিণ আফ্রিকা সফরের সময়ই রোহিত শর্মা এবং বিরাট কোহলির সঙ্গে বৈঠক করেছিলেন ভারতের নির্বাচকেরা। টি-টোয়েন্টি ফরম্যাটে তাদের পরিকল্পনার কথা জানতে চেয়েছিলেন। সেই সিরিজে ছিলেন না মোহাম্মদ শামি। চোটের জন্য তিনি বাইরে। এ বার শামির সঙ্গে নির্বাচকেরা আলাদা করে বসতে চাইছেন বলে জানা গেছে।

সম্প্রতি অর্জুন পুরস্কার পেয়েছেন শামি। ইংল্যান্ড সিরিজে আগে ফিট হয়ে ওঠার লক্ষ্যে তিনি অনুশীলনও শুরু করেছেন বলে জানা গিয়েছে। কিন্তু শামি নিজেকে নিয়ে কী ভাবছেন, তার পরিকল্পনা কী সেটাই জেনে নিতে চাইছেন নির্বাচকেরা। নিজেদের পরিকল্পনাও তারা জানাতে চান।

টেস্ট এবং এক দিনের ক্রিকেটে শামি অনেক দিন ধরেই রয়েছেন। আইপিএলে গুজরাট টাইটান্সের হয়েও খেলছেন। কিন্তু টি-টোয়েন্টিতে জাতীয় দলের হয়ে তাকে অনেক দিন ধরেই দেখা যাচ্ছে না। নির্বাচকেরাও তাঁকে ভাবছেন না। শামির নিজেরও কোনও আগ্রহ দেখা যাচ্ছে না। ফলে আগামী দিনে শামির টি-টোয়েন্টি ভবিষ্যৎ ঠিক হয়ে যেতে পারে।

নির্বাচকেরা জানতে চাইবেন, টি-টোয়েন্টি ক্রিকেটে শামির পরিকল্পনা কী? টেস্টে শামিকে ভবিষ্যতেও খেলানোর পরিকল্পনা রয়েছে। আইপিএলও তিনি খেলবেন। কিন্তু এক দিনের ক্রিকেট এবং টি-টোয়েন্টি ফরম্যাটে তাকে আগামী দিনে দেখা যাবে কি না, সেটাই বোঝা যাবে নির্বাচকদের সঙ্গে বৈঠকে।

## অবশেষে মেসিকে নিয়ে

# মুখ খুললেন 'ক্ষুব্ধ' খেলাইফি




**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** বার্সেলোনার সঙ্গে চুক্তির ঝামেলায় আটকে ২০২১ সালের মাঝামাঝি সময়ে পিএসজিতে যোগ দেন মেসি। কিন্তু ফরাসি ক্লাবটিতে তার দুই বছর ঠিক সাফল্যময় হয়নি। যে কারণে শুনতে হয়েছে সমর্থকদের দুয়ো। ফলে গত বছর নতুন চ্যালেঞ্জ নিয়ে যুক্তরাষ্ট্রের মেজর সকার লিগের ক্লাব ইন্টার মায়ামিতে যোগ দেন মেসি। পিএসজি সমর্থকদের আচরণ নিয়ে মেসির ভাষ্য ছিল, 'আমি মনে করি, শুরুর দিকে বিষয়গুলো চমৎকার ছিল। কিন্তু এরপর কিছু মানুষ আমাকে ভিন্ন চোখে দেখতে শুরু করলো, পিএসজি সমর্থকদের একটা অংশ। একটা অংশের সমর্থকদের সঙ্গে আমার সম্পর্কে চিড় ধরেছিল, যেটা অবশ্যই আমি চাইনি। এমন কিছুর ধারেকাছে ছিল না আমার চাওয়া।'

মেসির ওই অভিযোগ নিয়ে সম্প্রতি আরএমসি স্পোর্টের পডকাস্ট-এ কথা বলেন পিএসজি সভাপতি নাসের আল-খেলাইফি। মানুষ হিসেবে মেসিকে সম্মান করার কথা বললেও পিএসজি প্রসঙ্গে মেসির বক্তব্য নিয়ে সমালোচনা করেন পিএসজি সভাপতি। সেই সঙ্গে ক্ষোভ প্রকাশ করেন।

খেলাইফি বলেন, 'যখন আমরা একসঙ্গে আছি, তখন এসব নিয়ে কথা বলতেই পারি। কিন্তু যখন চলে যাব, তখন নয়। মেসির প্রতি অনেক শ্রদ্ধা আছে আমার, কিন্তু যদি কেউ চলে যাওয়ার পর পিএসজিকে নিয়ে বাজেভাবে কথা বলে, সেটা ভালো নয়।'

পিএসজির মালিক আরও বলেন, 'এটা শ্রদ্ধা করা বলে না। সে মন্দ মানুষ নয়, কিন্তু তার কথাগুলো আমার ভালো লাগেনি। সেটি কেবল তার বেলায় নয়, সবার ক্ষেত্রেই প্রযোজ্য।'

# শুভমানের ওপর কেন রেগে গেলেন রোহিত?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মাঠের মধ্যেই শুভমান গিলকে কথা শোনালেন রোহিত শর্মা। আউট হয়ে ফেরার পথে আঙুল তুলে শাসালেন তাকে। মোহালিতে আফগানিস্তানের বিরুদ্ধে প্রথম টি-টোয়েন্টিতে এমন ঘটনা ঘটেছে।

১৪ মাস পর টি-টোয়েন্টিতে ভারতের হয়ে খেলতে নেমে শূন্য রানে ফিরেন রোহিত। তা-ও আবার রান আউট হয়ে।

আফগানিস্তানের ১৫৮ রানের জবাবে খেলতে নেমে দ্বিতীয় বলেই উইকেট হারায় ভারত। ফজলহক ফারুকির দ্বিতীয় বলটি মিড অফের দিকে খেলে রান নেওয়ার জন্য শুভমানকে ডাক দেন রোহিত এবং দৌড়তে শুরু করেন।

কিন্তু শুভমান সেই ডাকে সাড়া না দিয়ে বলের দিকে তাকিয়ে ছিলেন। খেয়াল করেননি রোহিত চলে এসেছেন তার দিকে। ফলে ক্রিজ ছেড়ে বের হননি তিনি। এতে আফগানিস্তান রান আউট করে দেয় রোহিতকে। ফলে শূন্য রানে ফিরতে হয় ভারত অধিনায়ককে।

এর পরেই রেগে যান রোহিত। হাত তুলে শুভমানকে বলেন তার রান নেওয়া উচিত ছিল। ধারাভাষ্যকাররাও বলেন যে, শুভমানের উচিত ছিল রোহিতের ডাকে সাড়া দিয়ে দৌড়ে যাওয়া। কিন্তু তরুণ ওপেনার সেটা করেননি। যদিও পরে তিনি নিজে ১২ বলে ২৩ রান করে আউট হয়ে যান।

এদিন সিরিজের প্রথম ম্যাচে আফগানদের ৬ উইকেটে হারিয়েছে ভারত। এ জয়ে তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজে ১-০ তে এগিয়ে গেল রোহিত শর্মার দল।

## এবার লামিচানেকে

# জাতীয় দল থেকেও বহিষ্কার



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** নেপালের সাবেক অধিনায়ক সন্দীপ লামিচানের বিরুদ্ধে ধর্ষণের প্রমাণ পাওয়ায় আট বছরের কারাদণ্ড দিয়েছেন দেশটির কাঠমান্ডু জেলা আদালত। বুধবার তার বিরুদ্ধে এ রায় ঘোষণা করা হয়।

এবার লামিচানেকে বহিষ্কার করা হয়েছে নেপাল জাতীয় দল থেকেও। আন্তর্জাতিক ক্রিকেট তো বটেই, তিনি দেশটির ঘরোয়া লিগেও খেলতে পারবেন না।

বৃহস্পতিবার ক্রিকেট অ্যাসোসিয়েশন অব নেপাল (সিএএন) সভাপতি চাতুর বাহাদুর চাঁদ এক বিবৃতিতে জানান, সন্দীপ লামিচানেকে যেকোনো ধরনের ঘরোয়া ও আন্তর্জাতিক ক্রিকেট থেকে বহিষ্কার হয়েছে। কারণ, সে দণ্ডপ্রাপ্ত আসামি।

গত ২৯ ডিসেম্বর আদালতের বেঞ্চ জানিয়েছিলেন, দেশটির সাবেক অধিনায়ক লামিচানের বিরুদ্ধে ২৬ বছর বয়সী গুশালাকে (ছদ্মনাম) ধর্ষণের দায়ে দোষী সাব্যস্ত করা হয়েছে।

এর আগে, ২০২২ সালের ২১ আগস্ট তিলগঙ্গা হোটেলে ভুক্তভোগীকে ধর্ষণের অভিযোগ ওঠে তার বিরুদ্ধে।

## ফেরার ম্যাচে

# ক্যারিয়ার সেরা বোলিং হাসারাঙ্গার



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** চোটের কারণে এশিয়া কাপ ও বিশ্বকাপ মিস করা শ্রীলঙ্কান স্পিনিং অলরাউন্ডার ওয়ানিন্দু হাসারাঙ্গা মাঠে ফিরেছেন ৬ মাস পর। আর ফেরার ম্যাচটিতেই করেছেন ক্যারিয়ার সেরা বোলিং, যা ওয়ানডে ইতিহাসের পঞ্চম সেরা। হাসারাঙ্গার দুর্দান্ত ফেরার ম্যাচে জিম্বাবুয়েকে বড় ব্যবধানে হারিয়েছে শ্রীলঙ্কা।

হাসারাঙ্গা শ্রীলঙ্কার হয়ে সর্বশেষ খেলেছিলেন গত বছরের জুলাইয়ে বিশ্বকাপ বাছাইপর্বের ম্যাচে। এরপর চোটের কারণে শ্রীলঙ্কার এশিয়া কাপের দল থেকে ছিটকে পড়েন। পরে পুনর্বাসন পর্যায়ে আবারও চোটে পড়লে বিশ্বকাপও শেষ হয়ে যায় তার।

জিম্বাবুয়ের বিপক্ষে চলমান তিন ওয়ানডের সিরিজ দিয়ে দলে ফেরেন হাসারাঙ্গা। যদিও প্রথম দুই ওয়ানডের একাদশে তাকে রাখা হয়নি। বৃহস্পতিবার কলম্বোয় সিরিজের তৃতীয় ওয়ানডেতে নেমেই জিম্বাবুয়ে ব্যাটসম্যানদের ওপর রীতিমতো ছড়ি ঘোরাতে শুরু করেন।

সব মিলিয়ে ৫.৫ ওভারে মাত্র ১৯ রান দিয়েই হাসারাঙ্গার শিকার ৭ উইকেট। এটি তার ক্যারিয়ার সেরা তো বটেই, ওয়ানডে ক্রিকেটেই পঞ্চমসেরা বোলিং। এ ছাড়া শ্রীলঙ্কার তৃতীয় বোলার হিসেবে এক ম্যাচে ৭ উইকেট পেলেন তিনি।

সেরা বোলিংয়ের বিশ্ব রেকর্ডটাও একজন শ্রীলঙ্কানের। ২০০১ সালে জিম্বাবুয়ের বিপক্ষে ১৯ রানে ৮ উইকেট নিয়েছিলেন বাঁহাতি পেসার চামিন্দা ভাস। এই সংস্করণে ৮ উইকেট নেই আর কারও।

## কোহলিকে চেনেন না

# রোনালদো, বললেন- 'সে কে?



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** ক্রীড়া জগতের এক জনপ্রিয় নাম বিরাট কোহলি। ক্রিকেটারদের মধ্যে যার নাম গুগলে সবচেয়ে বেশিবার সার্চ করা হয়েছে। এছাড়া বিশ্বজুড়ে কোহলির বিরাট সংখ্যক ভক্ত-সমর্থক রয়েছেন। সামাজিক যোগাযোগ মাধ্যমেও প্রচুর অনুসারী রয়েছে এই ভারতীয় এই ক্রিকেটারের। সেই কোহলিকেই নাকি চেনেন না ব্রাজিলের ফুটবল কিংবদন্তি রোনালদো!

সম্প্রতি রোনালদোর একটি সংক্ষিপ্ত সাক্ষাৎকার নেন এক ইউটিউবার। সেখানে রোনালদো সম্পর্কে জিজ্ঞেস করা হয়। ইউটিউবারের প্রশ্নগুলো ছিল এমন-

'আপনি কি বিরাট কোহলিকে চেনেন?' জবাবে বিশ্বকাপজয়ী ব্রাজিল তারকা বলেন, 'কে?'

এরপর ইউটিউবার নিজের উত্তর দিয়ে বলেন, 'ভারতের বিরাট কোহলি।' তখনও রোনালদো না-সূচক উত্তর দেন। এরপর ইউটিউবার বলেন, 'আপনি বিরাট কোহলিকে চেনেন না!'

জবাবে রোনালদো বলেন, 'সে কে?' খেলোয়াড়? এরপর ইউটিউবার বলেন, 'সে একজন ক্রিকেট খেলোয়াড়।'

এরপর রোনালদো বলেন, 'সে এখানে বেশি জনপ্রিয় নয়।' এবার বিরাট কোহলির ছবি দেখিয়ে ইউটিউবার বলেন, 'সে সেরা খেলোয়াড়দের মতো। সে বাবর আজমের মতো। আপনি তাকে কখনো দেখেননি?'

এবার হ্যাঁ-সূচক উত্তর করেন রোনালদো।

সম্পতি, ভারতীয় ক্রিকেটে নতুন করে আলোচনার কেন্দুবিন্দুতে এসেছেন সুপারস্টার কোহলি। বিশ্বকাপে দুর্দান্ত পারফর্ম করলেও তাকে দেশটির টি-টোয়েন্টি দলে ফেরানো হবে কিনা, সেটি নিয়ে ব্যাপক আলোচনা চলছিল ভারতীয় ক্রিকেট অঙ্গনে। অবশেষে কোহলিকে নিয়েই আফগানিস্তানের বিপক্ষে পাঁচ ম্যাচের সিরিজের জন্য স্কোয়াড ঘোষণা করেছে দেশটির ক্রিকেট বোর্ড-বিসিসিআই।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১ ■ মুখ্য সম্পাদক ঃ ড. রতন কুমার বাড়ৈ
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR